Total No. of Printed Pages—5

**3 SEM FYUGP MINBNL 3**

**2024**

( December )

BENGALI

( Minor )

Paper : MINBNL 3

( রবীন্দ্রসাহিত্য )

*Full Marks* : 60

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## প্রথম একক

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'সোনার তরী' কাব্যটি কত সালে লেখা হয়েছিল?

(খ) ''কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।
শুধু তব অন্তরবেদনা
চিরন্তন হয়ে থাক্‌, সম্রাটের ছিল এ সাধনা।''
পংক্তিটি কোন্‌ কবিতা থেকে নেওয়া হয়েছে?

(গ) 'দেবতার গ্রাস' কবিতাটি কোন্‌ কাব্যগ্রন্থের অন্তর্গত?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'তালগাছ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটির মূলভাব বুঝিয়ে লেখ।

(খ) "পুণ্যলোভাতুর
মোক্ষদা কহিল আসি, 'হে দাদাঠাকুর,
আমি তব হব সাথি।' বিধবা যুবতী,
দুখানি করুণ আঁখি মানে না যুকতি,
কেবল মিনতি করে—অনুরোধ তার
...না কঠিন বড়ো।"

...ক্তিটি কোন্ কবিতার অন্তর্গত? পংক্তিটির অর্থ বুঝিয়ে লেখ।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'সাধারণ মেয়ে'র জীবনকে কীভাবে এক অসাধারণ জীবন হিসেবে উপস্থাপন করা হয়েছে তা বর্ণনা কর।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা কর।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'ঘরে-বাইরে' উপন্যাসটি ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?





(খ) সন্দীপ বিমলার নতুন নাম কী দিয়েছিল?

(গ) বিমলার কয়টি জা ছিল?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) অমূল্য চরিত্রটি বর্ণনা কর।

(খ) "মক্ষী বললে, সন্দীপবাবু বৈঠকখানায় আসছিলেন, সে ওঁর পথ আটক করে বললে হুকুম নেই।"—সন্দীপের পথ কে আটক করেছিল? কে তাকে হুকুম করেছিল?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'ঘরে-বাইরে' উপন্যাসের নামকরণের যথার্থতা আলোচনা কর।

(খ) "সন্দীপ স্বদেশী আন্দোলনের প্রধান নেতা, অভিজাত বংশের সন্তান হলেও সে ভণ্ড বিপ্লবী।" এই মন্তব্যের নিরিখে সন্দীপ চরিত্রটি বিশ্লেষণ কর।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ডাকঘর' নাটকটি কত সালে ইংরাজিতে অনুবাদ হয়েছিল?

(খ) "আমি যে ওর জন্য ফুল এনেছি—ওর হাতে কি দিতে পারব না?" কে অমলের জন্য ফুল এনেছিল?

(গ) 'ডাকঘর' রচনার স্থান কোথায়?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'ডাকঘর' নাটকের দইওয়ালা চরিত্রটি আলোচনা কর।

(খ) "তোমার ঘণ্টা কেন বাজে?"—কে, কাকে এই প্রশ্ন করেছিল এবং সে উত্তরে কী বলেছিল?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'ডাকঘর' নাটকের প্রধান চরিত্র অমল। অমলের প্রকৃত কী অসুখ হয়েছিল তা আলোচনা কর।

(খ) 'ডাকঘর' নাটকের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা কর।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) রবীন্দ্রসঙ্গীত শিক্ষার ও চর্চার সর্বোৎকৃষ্ট মাধ্যম কী?

(খ) 'বিধির বাঁধন' গানটির রচনাকাল উল্লেখ কর।

(গ) "আমার আঁধার ভালো, আলোর কাছে বিকিয়ে দেবে আপনাকে সে"—গানটি কোন্ পর্যায়ের অন্তর্গত?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) "যদি তোর ডাক শুনে কেউ না আসে
তবে একলা চলো রে"
এই গানটি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে এবং কোন্ শহরে বসে লিখেছিলেন এবং কোন্ প্রসঙ্গে লিখেছেন তা উল্লেখ কর।

(খ) রবীন্দ্রনাথের বাল্যজীবনে সংগীতের প্রভাব সম্পর্কে আলোচনা কর।





১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) "আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে
নইলে মোদের রাজার সনে মিলব কী স্বত্বে?
আমরা যা খুশি তাই করি, তবু তাঁর খুশিতেই চরি,
আমরা নই বাঁধা নই দাসের রাজার ত্রাসের দাসত্বে
নইলে মোদের রাজার সনে মিলব কী স্বত্বে?"
এই সঙ্গীতটি বাংলা কত সালে বা ইংরাজি কত খ্রিস্টাব্দে রচিত হয়েছিল? এই সঙ্গীতটি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন্ নাটকে ব্যবহার করেছিলেন? এই সঙ্গীতটির মধ্য দিয়ে যে সাম্যবাদ ও গণতান্ত্রিক চেতনা প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ কর।

(খ) রবীন্দ্রনাথের গানের মাধ্যমে তাঁর স্বদেশপ্রীতির পরিচয় দাও।

★★★